<table>
<tr><td rowspan="3">কটন ক্লোথিং (বিডি) লিঃ</td><td>পলিসির নাম ঃ শিশু শ্রমিক নিয়ন্ত্রন নীতিমালা<br>(Child labour Remediation Policy )</td></tr>
<tr><td>কার্যকর তারিখ ঃ ০১/১১/২০১৪</td></tr>
<tr><td>নবায়নের তারিখ ঃ ০১/০৬/২০১৬</td></tr>
<tr><td>এই পলিসি কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তি</td><td>উপমহাব্যবস্থাপক (অপারেশন),ব্যবস্থাপক (প্রশাসন), সময় নিয়ন্ত্রনকারী বিভাগ, মেডিকেল বিভাগ, এবং সংশ্লিষ্ঠ বিভাগীয় প্রধানগন।</td></tr>
</table>

# শিশু শ্রম প্রতিকার/নিয়ন্ত্রন নীতিমালা
# (Child labour Remediation Policy )

প্রতিশ্রুতি: কটন ক্লোথিং বিডি লি: নিয়োগের ক্ষেত্রে যাতে শিশু শ্রমিক নিয়োগ না সেক্ষেত্রে ক্ষেত্রে রাষ্ট্রীয় আইন, আন্তর্জাতিক শ্রম সংঘ আইন এবং ত্রেতাদের আচরণ বিধি নিয়ম মেনে চলতে বদ্ধপরিকর। কর্ম পরিবেশে শিশু শ্রম ক্রেতাদের কাছে একটি বিশেষ স্পর্শ কাতর বিষয়

প্রসঙ্গ:বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রমবিধি ২০১৫, আন্তজাতিক শ্রম সংঘ ১৯৩০, এবং ক্রেতাদের আচরনবিধি সমূহ হল এই পদ্ধতির মুল ভিত্তি।

লক্ষ্য: কটন ক্লোথিং বিডি লি: এর মুল লক্ষ হল শিশুদের মেধাবিকাশ তথা জাতি ও দেশের শিক্ষা ও উন্নয়নের স্বার্থে নিয়োগের ক্ষেত্রে উপরোক্ত আইন মেনে চলা যাতে করে কোন শিশু শ্রম নিয়োগ না হয়। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যত এই বাক্যতে কটন ক্লোথিং বিডি লি: পুরোপুরি বিশ্বাসী।

পরিধি: এই নীতিমালা কটন ক্লোথিং (বিডি) লি: এর সকল শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য।

নীতি ঃ কটন ক্লোথিং (বিডি) লিঃ এর নিয়োগ নীতিমালায় শিশু শ্রমিক নিয়োগ করা সম্পুর্ন ভাবে নিষিদ্ধ । এই নীতিমালা সঠিক ভাবে পালনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মানব সম্পদ বিভাগকে কর্মী নিয়োগের সময় সর্তক থাকার নির্দেশ প্রদান করেছেন । শিশু শ্রম প্রতিরোধ করা এই নীতির আওতা ভুক্ত ।

শিশু শ্রম সম্পর্কিত নীতি: বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী বয়স্ক, কিশোর ও শিশুর সংজ্ঞা নিুরূপঃ

ক) বয়স্ক ব্যক্তি ঃ যার বয়স ১৮ বা তার অধিক।
খ) কিশোর ঃ যার বয়স ১৬ বছর পূর্ণ হয়েছে কিন্তু ১৮ বছর পূর্ণ হয়নি ।
গ) শিশু ঃ যার বয়স ১৬ বছর পূর্ণ হয়নি।

শ্রমিক নিয়োগের সময় বয়স প্রমানের জন্য জন্মগত সনদ ও বয়সসহ শিক্ষাগত যোগ্যতার (যদি থাকে) সনদ চাওয়া হয়।

চাকুরীর প্রার্থীর বয়স প্রমানের জন্য রেজিষ্টার্ড চিকিৎসক (এম.বি.বি.এস) এর মাধ্যমে বয়স যাচাই করে নিয়োগ দেওয়া হয়। শ্রমিক নিয়োগকারীদেরকে বয়স্ক ব্যক্তি, কিশোর ও শিশু শ্রমিকদের বয়সের আইনগত বিভাজন সম্বন্ধে অবগত করা ও ট্রেনিং দেওয়া হয়।

কটন ক্লোথিং কর্তৃপক্ষ ১৬ বৎসরের নিচে কোন শ্রমিক নিয়োগ করে না।

১৬ থেকে ১৮ এর কম বয়সের শ্রমিক নিয়োগ করতে নিম্নোক্ত বিষয়গুলি মেনে চলা হয়।

১। কোন কিশোরকে দৈনিক ৫ ঘন্টার অধিক এবং সপ্তাহে ত্রিশ(৩০) ঘন্টার অধিক সময় কাজ করিতে দেওয়া হয় না।
২। কোন কিশোর শ্রমিককে দৈনিক সাত ঘন্টার অধিক এবং সপ্তাহে বিয়াল্লিশ (৪২) ঘন্টার অধিক সময় কাজ করিতে
দেওয়া হয় না।
৩। কোন কিশোরকে সন্ধা ৭.০০ ঘটিকা হইতে সকাল ৭.০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করতে দেওয়া হয় না।

**চর্চা ঃ-** মানব সম্পদ বিভাগ কর্মী নিয়োগের সময় একটি নিয়ম মাফিক পদ্ধতি বা কিছু নির্ণায়ক অবলম্বন করে । এই পদ্ধতির পুর্ববর্তী চাকুরী একটি প্রাথমিক নির্ণায়ক যার সাথে সমান্তরাল ভাবে বয়স নির্ধারণী নির্ণায়ক চলে আসে । আবেদনকারীর বয়েসের অবস্থা জানার জন্য/ নিশ্চিত করনের জন্য মানব সম্পদ বিভাগ শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র এবং জন্ম নিবন্ধন সনদের মত কিছু নিশ্চিতকরন দলিল আহবান করেন এছাড়া ও মানব সম্পদ বিভাগের সদস্যরা বয়স এর অবস্থা নিশ্চিত হওয়ার জন্য শিক্ষাগত যোগ্যতা বিষয়ক কিছু প্রশ্ন ও এছাড়াও জাতীয় আলোচিত বিষয়ে বা ঘটনা কিংবা দূর্ঘটনা যা ঘটেছে বা প্রতক্ষ্য করেছেন কিনা সে বিষয়ে প্রশ্ন করেন । নিয়োগের ক্ষেত্রে শিশু পরিলক্ষিত হলে তাহার অভিভাবকের অনুমতি বা অনুরোধ কটন ক্লোথিং বিডি লি: গ্রহন করে না।

অতপর উক্ত কর্মীকে কারখানার চিকিৎসা কেন্দ্রে নিয়োগকৃত চিকিৎসকের কাছে তাকে পাঠানো হয় শারীরিক সক্ষমতা ও বয়স নির্ধারনের জন্য পাঠানো হয় ।

ডাক্তার আবেদনকারীকে বয়স নির্ধারনের জন্য স্কুলের প্রত্যয়নপত্র, জন্মসনদ, জাতীয় পরিচয়পত্র,পাসপোর্ট নাম্বার এবং অন্যান্য চিকিৎসা বিজ্ঞান বিষয়ক প্রশ্ন করে বয়স নির্ধারনী ও সক্ষমতা পত্রে স্বাক্ষর করেন ।

এতদসত্ত্বে যদি কখনও কোন শিশু কর্মী পাওয়া যায় তবে এই ব্যাপারে সঠিক পদক্ষেপ গ্রহন করা হয় মানব সম্পদ ব্যবস্থাপক তাদের আলাদা একটি তালিকা তৈরি এবং নিম্নোক্ত পদক্ষেপ গ্রহন করবেন ।

- উক্ত শিশু শ্রমিককে বিদ্যালয়ে পাঠানোর ব্যবস্থা করতে হবে এবং শিক্ষার সমস্ত ব্যয় কারখানাকে বহন করতে হবে এবং তার মজুরী প্রাপ্তির সুবিধা প্রদান করতে হবে।
- তাহার ভবিষ্যত চিন্তাকল্পে তাকে কর্মক্ষেত্র থেকে অপসারন করা হবে না কিন্তু তার দৈনিক কর্মঘন্টা বিদ্যালয়ের সময় ও যাতায়াত সহ ৫ ঘন্টার অধিক হইবে না ।
- তাকে এমন কোন কাজে নিয়োজিত করা যাবে না যা তার শারিরীক ও মানসিক বৃদ্ধির জন্য ক্ষতিকর হইবে না বা স্বাস্থহানীকর হইবে না ।

- এইরূপ নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনে পর্যালোচনা করে নিয়োগ নীতিমালার পরিবর্তন ও পরিবর্ধন করতে হবে ।
- কারখানার উৎপাদন ববস্থাপনার সাথে জড়িত ব্যক্তিদের এই ব্যাপারে সচেতন করতে হবে যাতে পরবর্তীতে এইরুপ ঘটনা  না ঘটে ।

**দায়িত্বপুর্ন ব্যাক্তিগন:** নিম্লোক্ত টিম দায়িত্বপুর্ন ব্যাক্তি হিসেবে নিযুক্ত থাকবেন যাহারা নিশ্চিত ও বাস্তবায়ন করবেন যাতে করে কারখানাতে কোন শিশু শ্রমিক নিয়োগ না হয় এবং যদি কোন ধরনের ভুল ক্রমে কোন শিশু শ্রমিক নিয়োগ হয়ে থাকে তাহলে উপরোক্ত বর্নিত পদক্ষেপ সমুহ বাস্তাবায়ন করবেন ও তাহা নিশ্চিত করবেন।

- উপমহাব্যবস্থাপক (অপারেশন)
- সহ ব্যবস্থাপক (এইচআরএসি)
- অফিসার (এইচআরএসি)
- অফিসার (এইচআর)
- (ওয়েলফেয়ার অফিসার)
- (ডাক্তার/নার্স) বয়সও সক্ষমতা পরীক্ষার ক্ষেত্রে
- (পিসি কমিটির সভাপতি/সহসভাপতি/সদস্য)
- প্রত্যেক বিভাগীয় প্রধান গন।

তাছাড়াও প্রত্যেক মাসে নির্দিষ্ট সময়ে নিয়োগের ক্ষেত্রে  শিশু শ্রমিক যেন নিয়োগ না হয় এবং উপরিউক্ত পদ্ধিতি বাস্তবায়ন হচ্ছে কি না  তা যাচাই/পরীক্ষা করা, মনিটরিং করা এবং নিয়ন্ত্রন করার জন্য নিম্মোক্ত বিশেষ টিম মাসিক ভিত্তিতে দায়িত্ব পালন করে থাকেন।

- সহ ব্যবস্থাপক (এইচ আর এন্ড কম্প্লায়েন্স)
- অফিসার (এডমিন এন্ড কম্প্লায়েন্স)
- অফিসার (এইচ আর)